

Welland Gouldsmith School, Datuli

Subject - 2nd language Bengali worksheet

Class -IX, Session- 2020-2021

পদ্য: সিঁড়ি - সুকান্ত ভট্টাচার্য

কবিতার বিষয়বস্তু

কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য তাঁর 'সিঁড়ি' কবিতায় সিঁড়ির প্রতীকে গরীব খেটেখাওয়া শোষিত, নিপীড়িত মানুষের যন্ত্রণাকে ফুটিয়ে তুলেছেন।

যুগ যুগ ধরে ধনিক শ্রেণীর মানুষেরা গরিব মানুষের পরিশ্রমের ফসল নিজেদের ঘরে তুলে চলেছে। এইসব গরিব মানুষদের কাঁধে ভর করেই বড়লোকেরা ঐশ্বর্যের শীর্ষে উঠেছে। কবির মতে মানুষ যেমন সিঁড়ি বেয়ে উপরে উঠে যায় তেমনি বড়লোকেরা গরিবদের পীড়ন করে, তাদের মাড়িয়ে আরো ধনী হয়ে ওঠে আর নিচে পড়ে থাকে খেতে না পাওয়া, তাদের পদাঘাতে ক্ষত-বিক্ষত গরীব মানুষেরা।

কবির মতে গরিব অবহেলিত মানুষদের শোষণ করেও ফ্রান্ত হয়না ধনিক সমাজ। তারা সুকৌশলে ঢেকে দিতে চায় তাদের অত্যাচারের চিহ্ন এবং তাদের অহংকারী, গর্বিত রূপটিকেও তারা আবৃত করে রাখে মেকি ভালোমানুষীর মাধ্যমে।

বিদ্রোহী চেতনায় উদ্বুদ্ধ কবি সুকান্ত মনে করেন যে চিরকাল এইভাবে নিজেদের অত্যাচারের কাহিনীকে বড়লোকেরা গোপন রাখতে পারবে না। একদিন তা সমগ্র পৃথিবীর কাছে প্রকাশিত হয়ে পড়বে। তারাও একদিন মুখ খুবড়ে পড়বে এই মাটির বুক, গর্বোদ্ধত মোঘল সম্রাটও যেমন পড়েছিল। কবি এখানে বলতে চেয়েছেন যে অত্যাচার সহ্য করতে করতে অবহেলিত, লাঞ্চিত মানুষগুলিও একদিন প্রতিবাদে মুখর হয়ে উঠবে। সেদিনই ভেঙে পড়বে ধনিক শ্রেণীর সুখের সাম্রাজ্য এবং উত্থান ঘটবে খেটে খাওয়া গরিব অবহেলিত অত্যাচারিত মানুষের, তারাই গড়বে নতুন সমাজ।

নিচের প্রশ্নগুলির উত্তর লেখ :-

1) "তোমাদের গর্বোদ্ধত অত্যাচারী পদধ্বনি"-

- ক) বক্তা কে?
- খ) 'তোমাদের' বলতে কাদের বোঝানো হয়েছে?
- গ) তাদের 'গর্বোদ্ধত অত্যাচারী' বলার কারণ কি?
- ঘ) বক্তা তাদের কোন পরিণতির কথা বলেছেন?

2+2+3+3=10

2) "তবু আমরা জানি"-

- ক) 'আমরা' বলতে কাদের কথা বলা হয়েছে?
- খ) তারা কি জানে?
- গ) কিভাবে তারা অত্যাচারীকে সাবধান করে দিয়েছে?
- ঘ) কবিতায় কাদের কি ধরনের অত্যাচারের বর্ণনা দেওয়া হয়েছে?

2+2+3+3=10